আবদুর রহমান কর্মশীলতায় বহু বিচিত্র পারঙ্গম। খ্যাতিমান অর্থনীতিবিদ, কুশল ব্যবস্থাপক, বর্তমানে তিনি বাংলা দেশ বিশ্বব্যাঙ্কের সমাজকল্যাণের একজন অভিনব প্রকল্পের সংযোজক। তাঁর বহুমুখী কৃতিত্বের আরও একটি বিশেষ দিক আছে। রবীন্দ্র সংগীতের তিনি এক বিস্ময়কর শিল্পী। তাঁর কণ্ঠে এমন একটি আন্তরিক আবেদন আছে যা অনায়াসে গায়ক ও শ্রোতার মধ্যে সুরের সেতুবন্ধ রচনা করে। কবির কথারই সামান্য অদল বদল করে বলতে পারি,— আবদুর রহমানের গানের আসরে একটান গাইছে বুলবুলিয়া গলা, সবেরা গাহে মনে মনে। তাই গান শেষ হলেও গানের রেশ জেগে থাকে শ্রোতাদের কানে কানে। ঐ খানে তাঁর সার্থকতা।

বিনয় মুখোপাধ্যায়
১৪/৫/১৭